# বাংলাদেশ তাঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

**১। ভূমিকাঃ** শাহজাদপুর বেসিক সেন্টারভুক্ত সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার আওতাধীন এলাকাসমূহের তাঁতিদের চলতি মূলধন সরবরাহ, অচল তাঁত সচল করে উৎপাদন বৃদ্ধি, আয় বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন, কর্মসংস্থান সৃষ্টি ও তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নের সুযোগ সৃষ্টিসহ সার্বিক সহযোগিতা করার উদ্দেশ্যে শাহজাদপুর বেসিক সেন্টারটি প্রতিষ্ঠিত হয়। এ এলাকায় উন্নতমানের লুঙ্গি, শাড়ি, গামছা,তোয়ালে ইত্যাদি উৎপাদনের জন্য প্রসিদ্ধ।

শাহজাদপুর বেসিক সেন্টার হতে তাঁতিদেরকে সেবা প্রদানের লক্ষ্যে সমিতি গঠন, তাঁতি সমিতির সদস্যদের মধ্যে গ্রুপ গঠনের মাধ্যমে চলতি মূলধন সরবরাহ ও অচল তাঁত সচলকরণের জন্য তাঁতিদের ক্ষুদ্রঋণ প্রদান এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক আমদানির অনুমতি প্রদান ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

## ২। মূল্যায়নের উদ্দেশ্য ও পদ্ধতিঃ

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গত ২৭.০৬.২০২১ তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড এবং সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়।

সেকশন-৩ এর কর্মসম্পাদন পরিকল্পনার ৫ নং কর্মসম্পাদন ক্ষেত্র “সেবার মানোন্নয়ন ও মূল্যায়ন” এর আওতায় ৫.৫ নং কার্যক্রম “ আওতাধীন প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মূল্যায়ন” এর ৫.১ নং কর্মসম্পাদন সূচকে ২০২১-২২ অর্থবছরে ০৬টি প্রতিষ্ঠান মূল্যায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের মূল্যায়ন পরিকল্পনায় শাহজাদপুর বেসিক সেন্টারটি অন্তর্ভুক্ত রয়েছে।

তৎপ্রেক্ষিতে বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদনক্রমে নিম্নোক্ত কর্মকর্তা কর্তৃক শাহজাদপুর বেসিক সেন্টারটি গত ৩০.১২.২০২১ হতে ০১.০১.২০২২ তারিখ পর্যন্ত সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়ঃ

| ক্রমিক নং | **নাম ও পদবি** | **অনুবিভাগ** |
|---|---|---|
| ১। | মোঃ আহসান উল্লাহ্, কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন), বাতাঁবো, ঢাকা। | পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ |

পরিদর্শনকালে অত্র বেসিক সেন্টারে কর্মরত পরিদর্শনকালীন সময়ে অত্র বেসিক সেন্টারের লিয়াজোঁ অফিসার এর দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ আনিছুর রহমান ও জনাব মোঃ আব্দুর রশীদ শেখ, বার্তাবাহক উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন। ফিল্ড সুপারভাইজার জনাব মোঃ মাহমুদুন্নবী কোন ছুটির আবেদন না দিয়েই কেন্দ্রে অনুপস্থিত থাকেন। লিয়াঁজো কর্মকর্তার সাথে আলোচনায় জানা যায় তাঁকে মৌখিকভাবে অবহিত করে জরুরী প্রয়োজনে তিনি চলে গেছেন। কেন্দ্রের নথিপত্র পর্যালোচনা, বেসিক সেন্টারের ইনভেন্টরি প্রতিবেদন, সরেজমিনে তাঁত এলাকা পরিদর্শন ও তাঁতি/তাঁতি সমিতির সাথে মতবিনিময়ের মাধ্যমে আলোচ্য মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করা হয়।

**৩। এক নজরে বেসিক সেন্টার, শাহজাদপুর সিরাজগঞ্জ।**

| ক্রঃ নং | তথ্যাদির বিষয়বস্তু | তথ্যাদির বিবরণ |
|---|---|---|
| ১। | নিবন্ধিত প্রাথমিক তাঁতি সমিতি | ৩১ টি |
| ২। | নিবন্ধিত মাধ্যমিক তাঁতি সমিতি | ০১ টি |
| ৩। | গ্রুপ গঠিত ঋণপ্রাপ্ত সমিতি | ৩০ টি |
| ৪। | অত্র কেন্দ্রে মোট বরাদ্দ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | **৪০০.৭৯** লক্ষ টাকা। |
| ৫। | অত্র কেন্দ্রে মোট বিতরণ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | **৪০০.৭৯** লক্ষ টাকা। |
| ৬। | অত্র কেন্দ্রে আদায়যোগ্য অর্থের পরিমাণ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | ৪৩২.৫০ লক্ষ টাকা |
| ০৭। | অত্র কেন্দ্রে আদায়কৃত অর্থের পরিমাণ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | ২৭২.২৬ লক্ষ টাকা। |
| ০৮। | অত্র কেন্দ্রে অনাদায়ী বকেয়া অর্থের পরিমাণ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | ১৬০.২৪ লক্ষ টাকা। |
| ০৯। | ক্ষুদ্র ঋণের সেবাপ্রাপ্ত তাঁতি সংখ্যা | |
| | পুরুষ তাঁতি | |
| | মহিলা তাঁতি | |
| | মোট তাঁতি | ১৭৬৫ জন। |
| ১০। | ক্ষুদ্র ঋণ পরিশোধকৃত তাঁতির সংখ্যা | ৮৩০ জন। |
| ১১। | কিস্তি পরিশোধ করে আসছেন | ১৬০ জন। |
| | অনাদায়ী তাঁতির সংখ্যা | ৭৫০ জন। |
| | কোন কিস্তি পরিশোধ করেননি এমন তাঁতির সংখ্যা | ২৫ জন। |
| | ক্ষুদ্র ঋণের সেবা প্রাপ্ত তাঁত সংখ্যা | |
| | সেবা প্রাপ্ত তাঁতের শ্রেণি পিটলুম | নেই |
| | সেমি অটোমেটিক / ফ্রেম তাঁত | ৩০৮৩ টি |
| | কোমর তাঁত | নেই |
| ১২। | অত্র কেন্দ্রের আওতাধীন সমিতিভুক্তঃ | |
| | তাঁতি সংখ্যা | ৪৭৬০ জন |
| | তাঁত শ্রমিক | ৬৪৩৭২ জন |
| | সচল তাঁত | ২৬৫০০ টি |
| | অচল তাঁত | ১১০০০ টি |
| | সর্বমোট তাঁত সংখ্যা | ৩৭৫০০ টি |
| ১৩। | ঋণ আদায়ের হার | |
| | সর্বশেষ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) বরাদ্দ | **৪০০.৭৯** লক্ষ টাকা। |
| | বিতরণ (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | **৪০০.৭৯** লক্ষ টাকা। |
| | অবিতরিত (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) | নেই। |
| | তাঁতি | ৮৩০ জন |
| | ঋণ আদায় | ২৭২.২৬ টাকা |
| | ঋণ আদায়ের হার | ৬২.৯৫% |

## ৪। কেন্দ্রর জনবলঃ

**ক)** বর্তমানে শাহজাদপুর বেসিক সেন্টারে ০১ জন লিয়াজোঁ অফিসার ০১ জন ফিল্ড সুপারভাইজার ও ০১ জন বার্তাবাহক কর্মরত আছেন।

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আনিছুর রহমান | লিয়াজোঁ অফিসার |
| ২ | জনাব মোঃ মাহমুদুন্নবী | ফিল্ড সুপারভাইজার |
| ৩ | জনাব মেঃ আব্দুর রশীদ শেখ | বার্তাবাহক |

খ) প্রতিষ্ঠাকালীন সময় থেকে অদ্যাবধি বেসিক সেন্টারে কেন্দ্র প্রধানের দায়িত্ব পালনকারী কর্মকর্তা / কর্মচারীদের বিবরণ সময়ানুক্রমে দেয়া হলোঃ

| ক্রঃ নং | নাম | পদবি | সময়কাল | | |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব এস জয়নাল আবেদীন | লিয়াজোঁ অফিসার | ৩০.০৬.১৯৯৭ | থেকে | ৩১.১০.২০০০ |
| ২ | জনাব নজরুল ইসলাম তালুকদার | লিয়াজোঁ অফিসার | ০৯.০২.২০০০ | থেকে | ০৮.১২.২০০৫ |
| ৩ | জনাব হাবিবুর রহমান | লিয়াজোঁ অফিসার (ভারঃ) | ০৯.১২.২০০৫ | থেকে | ১২.০৬.২০০৬ |
| ৪ | জনাব এস জয়নাল আবেদীন | লিয়াজোঁ অফিসার | ১২.০৬.২০০৬ | থেকে | ১২.০৩.২০০৭ |
| ৫ | জনাব ওয়াজেদ আলী | লিয়াজোঁ অফিসার | ১২.০৩.২০০৭ | থেকে | ২০.০৭.২০১৭ |
| ৬ | জনাব মোঃ আনিছুর রহমান | লিয়াজোঁ অফিসার | ১১.০৭.২০১৭ | থেকে | অদ্যাবধি |

## ৫। শাহজাদপুর বেসিক সেন্টারের আসবাবপত্রের/ অফিস সরঞ্জামাদির বিবরণঃ

| ক্রঃ নং | আসবাবপত্রের বিবরণ | পরিমাণ (টি) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | কম্পিউটার (সিপিইউ ও মনিটর) | ০১সেট | ভাল |
| ২ | ইউপিএস | ০১ টি | ভাল |
| ৩ | প্রিন্টার | ০১ টি | ভাল |
| ৪ | ফাইল কেবিনেট | ০১ টি | ভাল |
| ৫ | আলমারি | ০২ টি | ১টি নষ্ট |
| ৬ | টেবিল | ৩ সেট | ভাল |
| ৭ | চেয়ার | ১২ টি | ২টি নষ্ট |
| ৮ | ফ্যান | ০১ টি | নষ্ট |
| ৯ | সাইকেল | ০২ টি | নষ্ট |
| ১০ | মোটর সাইকেল | ০১ টি | ভাল |

## ৬। নথিপত্র ও বিভিন্ন প্রকার রেজিস্ট্রার পর্যালোচনাঃ

কেন্দ্রের বিভিন্ন নথিপত্র ও রেজিস্ট্রার পর্যালোচনা করে প্রাপ্ত তথ্যাদি নিম্নে সন্নিবেশ করা হলোঃ

বিভিন্ন নথিপত্র ও রেজিস্ট্রার পর্যালোচনায় দেখা যায়, নথিগুলি সঠিক নিয়মে সংরক্ষণ করা হচ্ছে না। নথি ব্যবস্থাপনায় বেশ ঘাটতি রয়েছে। উক্ত কেন্দ্রে নথি ও রেজিষ্ট্রারের কোন তালিকা নেই। কোথায় কোন নথি ও রেজিষ্টার আছে তা খোঁজে পাওয়া যাচ্ছে না। দায়িত্বভার গ্রহণ ও হস্তান্তর সংক্রান্ত নথি চাওয়া হলে দীর্ঘক্ষণ চেষ্টা করেও তা দেখাতে পারেননি।

স্থায়ী/ অস্থায়ী সম্পদের রেজিষ্ট্রারে সম্পদের পূর্ণাঙ্গ তথ্য নেই। পত্র প্রেরণ ও গ্রহণ রেজিষ্ট্রার সঠিক নিয়মে পরিচালনা করা হচ্ছে না। ক্যাশ বহি বিগত ০১ (এক) বৎসর যাবৎ হালনাগাদ করা হচ্ছে না। তাঁত ঋণের পাশ বহি লিখা হয় না। ফলে তাঁত ঋণের সঠিক তথ্য জানার বা বোঝার কোন উপায় নেই।

## ৭। বেসিক সেন্টারের আওতাধীন ঋণপ্রাপ্ত প্রাথমিক তাঁতি সমিতিসমূহের তথ্যাদিঃ

বেসিক সেন্টারটির আওতায় মোট ৩০টি প্রাথমিক সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মোট প্রাথমিক তাঁতি সমিতির সংখ্যা ৩১টি। সমিতিগুলোর নাম সমূহ নিম্নরূপঃ

| ক্রঃনং | জেলা | উপজেলা | প্রাথমিক তাঁতি সমিতির নাম |
|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ | শাহজাদপুর | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২ | | | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩ | | | নরিনা ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৪ | | | নরিনা ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৫ | | | শাহজাদপুর পৌরসভা ৫ ও ৬নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৬ | | | শাহজাদপুর পৌরসভা ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৭ | | | শাহজাদপুর পৌরসভা ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৮ | | | শাহজাদপুর পৌরসভা ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৯ | | | শাহজাদপুর পৌরসভা ৪নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১০ | | | সোনাতনী ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১১ | | | সোনাতনী ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১২ | | | সোনাতনী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৩ | | | সোনাতনী ইউনিয়ন ৪নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৪ | | | গাড়াদহ ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৫ | | | কৈজুরী ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৬ | | | কৈজুরী ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৭ | | | কৈজুরী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৮ | | | খুকনী ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৯ | | | খুকনী ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২০ | | | খুকনী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |

| | | | |
|---|---|---|---|
| ২১ | | | জালালপুর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২২ | | | জালালপুর ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৩ | | | বেলতৈল ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৪ | | | রুপবাটি ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৫ | | | পোতাজিয়া ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৬ | | | কায়েমপুর ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৭ | | | গালা ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৮ | | | গালা ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২৯ | | | গালা ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩০ | | | পোরজনা ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩১ | | | পোরজনা ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |

**৮। তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ,অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় শুরু থেকে বরাদ্দ প্রাপ্তি, ঋণ বিতরণ ও আদায় বিবরণীঃ**

| ক্রমিক নং | প্রধান কার্যালয় হতে বরাদ্দ প্রাপ্তি | বিতরণ (লক্ষ টাকা) | আদায় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ১ | ৭৭২.৫০ | ৭৭২.৫০ | ৩২.৪৫ |

**৯। তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ,অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় নিম্নলিখিত মোট ১৫টি প্রাথমিক সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।**

| ক্রঃনং | জেলা | উপজেলা | প্রাথমিক তাঁতি সমিতির নাম |
|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ | শাহজাদপুর | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২ | | | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩ | | | শাহজাদপুর পৌরসভা ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৪ | | | শাহজাদপুর পৌরসভা ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৫ | | | শাহজাদপুর পৌরসভা ৪নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৬ | | | শাহজাদপুর পৌরসভা ৫ ও ৬নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৭ | | | সোনাতনী ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৮ | | | সোনাতনী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৯ | | | সোনাতনী ইউনিয়ন ২ ও ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |

| | | | |
|---|---|---|---|
| ১০ | | | খুকনী ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১১ | | | খুকনী ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১২ | | | খুকনী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৩ | | | পোরজনা ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৪ | | | গাড়াদহ ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৫ | | | কৈজুরী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |

## ১০। ব্যাংক শাখাওয়ারী ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্যাদিঃ

শাহজাদপুর বেসিক সেন্টারে ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাকাব শাহজাদপুর শাখা এবং তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ, অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রূপালী ব্যাংক লিমিটেড শাহজাদপুর শাখার মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## ১১। খেলাপী ঋণের তথ্যাদিঃ

শাহজাদপুর বেসিক সেন্টারের নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় একটি কিস্তিও পরিশোধ করেননি এমন তাঁতির সংখ্যা ২৫ জন এবং ৪/৫টি কিস্তি পরিশোধের পর থেকে দীর্ঘদিন যাবৎ ঋণের কিস্তি বন্ধ করে দিয়েছেন এমন তাঁতির সংখ্যা ৭৫০ জন।

তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ,অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত কার্যাবলির কারণে ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ ও আদায় কার্যাবলির গতিতে অনেকাংশে ভাটা পড়েছে বলে প্রতীয়মান হয়েছে। কেন্দ্র প্রধানের নিকট থেকে জানা যায় লোক বলের অভাবে নিয়মিতভাবে ঋণ আদায়ের জন্য এলাকাসমূহে যাতায়াত করা সম্ভব হচ্ছে না।

## ১২। অডিট সংক্রান্ত তথ্যাদিঃ

আলোচ্য বেসিক সেন্টারে ১৯.১১.২০১৯ তারিখ হতে ২৩.১১.২০১৯ তারিখে সর্বশেষ অভ্যন্তরীণ নিরীক্ষা করা হয়। নিরীক্ষা কালীন সময়ে কেন্দ্রের নথিপত্র এবং রেজিষ্টারসমূহ যথাযথভাবে সংরক্ষণের জন্য পরামর্শ দেয়া হলেও সে ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করতে দেখা যায়নি।

## ১৩। সমিতি অডিটঃ

আলোচ্য বেসিক সেন্টারের মাধ্যমে চলতি অর্থবছরে ০৫টি সমিতি অডিট করা হয়েছে। অবশিষ্ট সমিতিগুলো খুব দ্রুত অডিট সম্পন্ন করে সমিতির কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা যেতে পারে। উক্ত কেন্দ্রের ৩১টি সমিতির মধ্যে মাত্র ১৬টির নির্বাচিত কমিটি আছে। ০৫টি এডহক কমিটির মাধ্যমে পরিচালিত হচ্ছে।অবশিষ্ট ০৯টি কমিটি নিস্ক্রিয় অবস্থায় আছে। তাই কমিটিগুলো দ্রুত গঠনের ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

## ১৪। আপদকালীন তহবিলঃ

আলোচ্য বেসিক সেন্টারের আওতাধীন ঋণ বিতরণের ১% আপদকালীন তহবিল রাকাব শাহজাদপুর শাখার মাধ্যমে রাকাব ঢাকা কর্পোরেট শাখার হিসাব নং এসএনডি- ২৪০০০০৬৭৬(৬৭) এ স্থানান্তর করা হয়েছে মর্মে ব্যাংক ষ্ট্যাটমেন্ট হতে তথ্য পাওয়া যায়।

## ১৫। কাষ্টম হাউস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্ত সুতা এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রসায়ন আমদানি সংক্রান্ত তথ্যাদিঃ

এ পর্যন্ত অত্র বেসিক সেন্টারের আওতায় ০৫টি সমিতির অনুকূলে কাষ্টম হাউস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্ত সুতা বরাদ্দ এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক দ্রব্য আমদানির জন্য সুযোগ দেয়া হয়েছে। সমিতিগুলোর নাম সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | সমিতির নাম |
|---|---|
| ১ | খুকনী ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২ | কৈজুরী ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩ | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৪ | হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৫ | পোরজনা ইউনিয়ন ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |

তন্মদ্ধে হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি সদস্য (১) জনাব ছবদের আলী, (২) জনাব শুক্কুর আলী, পিতা মৃত আফাজ আলী মুন্সি, (৩) জনাব হোসেন আলী, পিতা মৃত আফাজ আলী মুন্সি, (৪) জনাব আঃ মতিন, পিতা মৃত নয়ন মোল্লার সাথে আলোচনায় জানাযায় তাঁরা প্রত্যেকে ৫ বান্ডেল করে সুতা পেয়েছেন। এর মাধ্যমে তারা উপকৃত হয়েছেন।

## ১৬। তাঁতি এলাকা সরেজমিনে পরিদর্শন ও মতবিনিময়ঃ

কেন্দ্র মূল্যায়নকালে উক্ত বেসিক সেন্টারের আওতাধীন ২টি সমিতির মোট ৫জন সদস্যের তাঁত, তাঁত কারখানা পরিদর্শন এবং তাদের সাথে মতবিনিময় করা হয়। তন্মধ্যে হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক সমিতির সদস্য জনাব ছবদের আলী, জনাব শুক্কুর আলী, পিতা মৃত আফাজ আলী মুন্সি, জনাব হোসেন আলী, পিতা মৃত আফাজ আলী মুন্সি, জনাব আঃ মতিন, পিতা মৃত নয়ন মোল্লার সাথে আলোচনা হয়। আলোচনায় তারা জানান তাদেরকে শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক দ্রব্য আমদানির জন্য সুযোগ দেয়া তারা এ পেশাটিকে টিকে রাখতে পারবে।



হাবিবুল্লাহ নগর ইউনিয়ন ১নং ওয়ার্ড প্রাথমিক সমিতির সদস্যগণের সাথে মতবিনিময়।



গাড়াদহ ইউনিয়ন প্রাথমিক তাঁতি সমিতির সভাপতির সাথে আলোচনার স্থিরচিত্র।

## ১৭। সুপারিশঃ

১৭.১ বর্তমানে নানা কারণে তাঁত পেশার সাথে সম্পৃক্ত তাঁতি এবং তাঁতের সংখ্যা ক্রমাগতভাবে হ্রাস পাচ্ছে। যা তাঁত খাত টিকিয়ে রাখার ক্ষেত্রে বড় ধরনের হুমকি। সে জন্য বিদ্যমান বিধিমালা/ নীতিমালা/ আইন পরিবর্ধন, পরিমার্জন বা সংশোধন করে তাঁত ঋণ বিতরণের ক্ষেত্রে তাঁত সংখ্যার বিদ্যমান যে সিলিং তা বাড়ানো যেতে পারে এবং একই পরিবারে একাধিক সদস্য পৃথকভাবে বসবাসরত তাঁত পেশার সাথে সম্পৃক্ত একাধিক ব্যক্তির অনুকূলে তাঁত ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১৭.২ দায়িত্বভার হস্তান্তর এবং গ্রহণ সংক্রান্ত কোন নথি নেই। ফলে দায়িত্ব বুঝে নেয়ার পদ্ধতিগুলি সঠিক নিয়মে হয়নি বলে প্রতিয়মান হয়েছে। জরুরিভিত্তিতে দায়িত্বভার হস্তান্তর এবং গ্রহণ সংক্রান্ত নথি খোলে তা সঠিক নিয়মে ব্যবহারের পরামর্শ দেয়া যেতে পারে।

১৭.৩ কেন্দ্রের নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, গার্ড/মাষ্টার ফাইল, পত্র প্রেরণ নথি, পত্র প্রাপ্তি নথি নেই। তাছাড়া নথি সংরক্ষণ, নতুন নথি খোলা, নথির নামকরণ ও নথির নম্বর এবং নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে সচিবালয় নির্দেশনা ২০১৪ এর বিধি অনুসরণ করার বিষয়ে নির্দেশনা দেয়া যেতে পারে। কেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীগণকে নথি খোলা, নথি ব্যবস্থাপনা, নথি সংরক্ষণ এবং নথি ব্যবস্থাপনায় ডিজিটাল নথি নাম্বার ব্যবহার করা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে।

১৭.৪ আলোচ্য বেসিক সেন্টারের মাধ্যমে বিতরণকৃত তাঁত ঋণের অর্থ আদায়ের লক্ষ্যে খেলাপি ঋণ গ্রহীতাদের হালনাগাদ তালিকা প্রস্তুত করা যেতে পারে। তাছাড়া, খেলাপি ঋণের অর্থ আদায়ের ক্ষেত্রে স্থানীয় নেতৃবৃন্দ/তাঁতি সমিতির প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা করা যেতে পারে।

১৭.৫ বেসিক সেন্টারটি ঢাকা পাবনা হাইওয়ের সন্নিকটে গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত হওয়ায় অফিসের সামনে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ।

১৭.৬ ঋণ আদায় সংক্রান্ত পাশ বহি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। ফলে ঋণ কার্যক্রমে সচ্ছতা এবং জবাব দিহিতা ব্যঘাত ঘটবে। তাই কেন্দ্রের পাশ বহি যথাযথভাবে হালনাগাদ করার জন্য কেন্দ্র প্রধানকে বলা যেতে পারে।

স্বাক্ষরিত/-

মোঃ আহসান উল্লাহ্
কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
বাতাঁবো, ঢাকা।